

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয়
নীলফামারী সদর, নীলফামারী।
www.dss.nilphamarisadar.nilphamari.gov.bd

স্মারক নং- ৪১.০১.৭৩৬৪.০০০.১৮.০০০.২২. .২০৪

তারিখ: ১৭/০৭/২০২৩ খ্রি.

বিজ্ঞপ্তি

বিষয়: ২০২৩-২৪ অর্থবছরে Disability Information System (DIS) অন্তর্ভুক্ত প্রতিবন্ধী ব্যক্তিদের মোবাইল হিসাব খোলা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৩-২৪ অর্থবছরে সুবর্ণ/প্রতিবন্ধী কার্ডধারী প্রতিবন্ধী ব্যক্তিকে ভাতার আওতায় অন্তর্ভুক্ত করা হবে। Disability Information System (DIS) পরিচয়পত্রধারী যারা এখনও প্রতিবন্ধী ভাতা/প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তি প্রদান কর্মসূচির অন্তর্ভুক্ত হননি, তাদেরকে নিজের মোবাইলে নগদ হিসাব খোলার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, আগামী ১ আগস্ট ২০২৩ হতে Disability Information System (DIS) এ অন্তর্ভুক্ত নতুন প্রতিবন্ধী ব্যক্তিদের ভাতা প্রদানের জন্য নির্বাচনের লক্ষ্যে অনলাইন আবেদন গ্রহণ শুরু করা হবে। অনলাইন আবেদনের সময় নগদ হিসাব নম্বরটি আবশ্যিকভাবে উল্লেখ করতে হবে।



১৭/০৭/২০২৩

(মোঃ ফিরোজ সরকার)
উপজেলা সমাজসেবা অফিসার
নীলফামারী সদর, নীলফামারী।
ফোন: ০২৫৮৯৯৫৫০২
usso.nilphamarisadar@dss.gov.bd

জ্ঞাতার্থে ও কার্যার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, রংপুর।
- ০২। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, নীলফামারী।
- ০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সদর, নীলফামারী।
- ০৪। উপজেলা নির্বাহী অফিসার, নীলফামারী সদর, নীলফামারী।
- ০৫। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), নীলফামারী সদর, নীলফামারী।
- ০৬। অফিস কপি।